


“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd



স্মারক নং : পরী/মাধ্য/জেএসসি-২০২০/২০২১/৫১৯

তারিখ : ২০/০১/২০২১ খ্রি.

২০২০ সনের জেএসসি পরীক্ষার শিক্ষার্থীদের Online এ ফরম পূরণের বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা এর আওতাধীন সকল প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, করোনা ভাইরাস সংক্রমণের সার্বিক পরিস্থিতি বিবেচনায় ২০২০ সালের জেএসসি পরীক্ষা গ্রহণ না করে স্ব- স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়নের ভিত্তিতে নবম শ্রেণিতে উত্তীর্ণ করা হয়েছে। ইতোমধ্যে এসকল শিক্ষার্থীদের জেএসসি পরীক্ষার উত্তীর্ণ-সনদ প্রদানের সিদ্ধান্তও গৃহীত হয়েছে। শিক্ষার্থীদের জেএসসি পরীক্ষার উত্তীর্ণ-সনদ প্রদানের লক্ষে Online-এ ফরম পূরণের নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো।

০১। অনলাইনে শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable list) প্রদর্শন ও ফরম পূরণ :

শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে (www.comillaboard.gov.bd) জেএসসি কর্ণারে ২৩/০১/২০২১ খ্রি. তারিখে দেয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ২৪/০১/২০২১ খ্রি. থেকে ৩১/০১/২০২১ খ্রি. তারিখের মধ্যে Online-এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (eFF) সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহ কুমিল্লা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.comillaboard.gov.bd) প্রবেশ করে জেএসসি-২০২০ ফরমপূরণ লিঙ্কে ক্লিক করে EID ও Password দিয়ে Login করে Probable list এ যেতে হবে এবং Print করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী Select করতে হবে।

(খ) উক্ত হার্ডকপিতে Probable list এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত Probable list থেকে Select করতে হবে এবং Save বাটনে ক্লিক করতে হবে।

(গ) Temporary List Print করে ভালভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে Select/Unselect করা যাবে।

(ঘ) অতঃপর Final Submit এ ক্লিক করে Final Candidate List প্রিন্ট করতে হবে। উল্লেখ্য Final Submit না করলে পরীক্ষার্থীর ফরম পূরণ নিশ্চয়ন সম্পন্ন হবে না।

(ঙ) Final Candidate List Print করে প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

০২। অনলাইনে ফরম পূরণে Password এর ব্যবহার : ২০২০ সনের জেএসসি পরীক্ষার রেজিস্ট্রেশনের জন্য যে Password ব্যবহার করা হয়েছে তা ব্যবহার করে ২০২০ সনের জেএসসি পরীক্ষার অনলাইনে ফরম পূরণ (eFF) কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০৩। ফরম পূরণের যোগ্যতা/শর্তসমূহ :

i) ২০২০ সনের রেজিস্ট্রেশনধারী সকল শিক্ষার্থী এবং ২০১৯ সনের রেজিস্ট্রেশনধারী যে সকল শিক্ষার্থী ২০১৯ সনের জেএসসি পরীক্ষায় অকৃতকার্য হয়েছে/ অংশগ্রহণ করেনি তারা ফরম পূরণ করতে পারবে।

ii) ২০১৮ সনের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ কিন্তু ২০১৮/২০১৯ সনের জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে এখনো এক বিষয়ে অকৃতকার্য আছে সে সমস্ত শিক্ষার্থীরা বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশনের মেয়াদ কেবলমাত্র ১(এক) বৎসরের জন্য নবায়ন করে ২০২০ সনের জেএসসি পরীক্ষায় ফরম পূরণ করতে পারবে।

০৪। ফরম পূরণ বাবদ শিক্ষার্থীর নিকট হতে কোন ফি আদায় করা যাবে না এবং বোর্ডে কোন ফি প্রদান করতে হবে না।

০৫। উল্লিখিত নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করে তাঁর বিদ্যালয়ের মাধ্যমে জেএসসি রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীদের ফরম পূরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

(ড. মোঃ আসাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬১৭২

স্মারক নং : পরী/মাধ্য/জেএসসি-২০২০/২০২১ /৫১৯ (০৯)

তারিখ : ২০/০১/২০২১ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
- ৪। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা/ চাঁদপুর/ ব্রাহ্মণবাড়ীয়া/ নোয়াখালী/ ফেনী/ লক্ষ্মীপুর
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৭। উপজেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৮। এ বোর্ডের আওতাধীন নিম্ন-মাধ্যমিক স্তরের সকল বিদ্যালয়/স্কুল এন্ড কলেজের প্রধান
- ৯। সংরক্ষণ নথি।

(মোহাম্মদ শহিদুল ইসলাম)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৪৬১

ইমেইলঃ dcscomillaboard@gmail.com

